



# ইসিপি বার্তা

## আই কেয়ার প্রোগ্রাম

দৃষ্টিহীনদের দৃষ্টি ফিরিয়ে দিন

নভেম্বর, ২০২৪



আমনূরা আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয়ে সম্মানিত দাতাদের অংশগ্রহণ

### সুবিধাবঞ্চিত ১০২৮ জন পেলেন বিনামূল্যে দোরগোড়ায় চক্ষুসেবা

এমএসএস আই কেয়ার প্রোগ্রামের (ইসিপি) উদ্যোগে নভেম্বর মাসজুড়ে পঞ্চগড় সদরের আটটি ইউনিয়ন পরিষদে মোট ৮টি দোরগোড়ায় চক্ষুসেবা কর্মসূচীর আয়োজন করা হয়। উক্ত কার্যক্রমের মাধ্যমে ১০২৮ জন (৬৩৬ পুরুষ এবং ৩৯২ মহিলা) সেবাপ্রার্থীকে চক্ষুসেবা প্রদান করা হয়। ছানি শনাক্তকৃত রোগীর সংখ্যা ১৯০ জন, যাদের মাঝে ১৪৪ জন রোগীর সার্জারির মাধ্যমে সফলভাবে ছানি অপসারণ সম্পন্ন করা হয়েছে। সার্বিক সহায়তায় আই কেয়ার প্রোগ্রামের সহযোগী হিসেবে সেফ হাসপাতাল উল্লেখযোগ্য ভূমিকা পালন করে।

এই চক্ষুসেবা কার্যক্রমের পাশাপাশি, সেবাপ্রার্থীদের ও শিক্ষার্থীদের চোখের সুরক্ষা ও যত্ন নেওয়ার বিষয়ে বিস্তারিত নির্দেশনা ও পরামর্শ দেওয়া হয়। সেবাপ্রার্থীরা বিশেষভাবে প্রশংসা করেন যে, তারা বিনামূল্যে চোখের সেবা, ঔষধ এবং চশমা পেয়েছেন, এবং কর্মীদের আন্তরিকতা তারা সন্তুষ্ট।

আই কেয়ার প্রোগ্রামের সেবাপ্রার্থী গোলাপজান বলেন, “আমরা এক পয়সাও খরচ না করে চোখের সেবা, ঔষধ এবং চশমা পেয়েছি। সবাই অত্যন্ত আন্তরিক ছিলেন। আমাদের এলাকার মানুষরা ইসিপি মাধ্যমে চক্ষুসেবা পেয়ে খুবই খুশি। আমরা ইসিপি এবং তাদের অর্থদাতাদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি।”

### আমনূরা সাঁওতাল সম্প্রদায়ের চক্ষুসেবায় “স্কুল সাইট টেস্টিং প্রোগ্রাম”

গত ১৬ই নভেম্বর ২০২৪ তারিখে, এমএসএস আই কেয়ার প্রোগ্রাম (ইসিপি) এর পৃষ্ঠপোষকতায়, দুস্থ এবং সুবিধাবঞ্চিত স্কুলগামী শিক্ষার্থীদের জন্য একটি স্কুল সাইট টেস্টিং প্রোগ্রাম ও আই ক্যাম্পের আয়োজন করা হয়। উভয় কর্মসূচী অনুষ্ঠিত হয় আমনূরা আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয় এবং তফিরউদ্দিন স্মৃতি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে। রাজশাহী চক্ষু হাসপাতালের অভিজ্ঞ চক্ষু বিশেষজ্ঞদের সহায়তায় ২৬২ জন শিক্ষার্থীদের (২২৪ জন ছাত্রী এবং ৩৪ জন ছাত্র) চক্ষু পরীক্ষা সম্পন্ন করা হয়েছে। তাদের মাঝে ৩৩ জন শিক্ষার্থীকে বিনামূল্যে চশমা প্রদান এবং ৮৩ জন শিক্ষার্থীকে প্রয়োজনীয় ঔষধ বিতরণ করা হয়। একইসাথে ১৩ জন রোগীর ছানি অপারেশন বিনামূল্যে করা হয়েছে।



ছানি অপারেশনের পর রাজশাহী চক্ষু হাসপাতালে রোগীদের কাউন্সিলিং এবং প্রয়োজনীয় ঔষধ, কালো চশমা বিতরণ

দিনব্যাপী এই সেবামূলক কার্যক্রমটি রোটারি ক্লাব কারওয়ান বাজার এবং মরহুম প্রফেসর এম সফিউদ্দীন ও নূরজাহান বেগমের সন্তান এবং নাতি-নাতনিদের আর্থিক সহায়তায় সম্পন্ন হয়েছে।

স্কুলের প্রধান শিক্ষক জনাব কুদরত-ই-খুদা এই উদ্যোগের প্রশংসা করেন এবং কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন, “শিক্ষার্থীদের চোখের সেবায় এমন উদ্যোগ অত্যন্ত প্রশংসনীয়। যদি প্রতি বছর এই ধরনের কার্যক্রম পরিচালনা করা হয়, তবে শিক্ষার্থীরা অনেক উপকৃত হবে।”



দোরগোড়ায় চক্ষুসেবা কর্মসূচীতে ইসিপি এর সর্বকনিষ্ঠ রোগীর চক্ষু পরীক্ষা

### স্কুল সাইট টেস্টিং প্রোগ্রাম

মাসব্যাপী পঞ্চগড় ও ঠাকুরগাঁও জেলার ৮টি বিদ্যালয়ে “স্কুল সাইট টেস্টিং প্রোগ্রাম” অনুষ্ঠিত হয়েছে। এ কর্মসূচীর মাধ্যমে ৮৮৯ জন শিক্ষার্থীদের বিনামূল্যে চক্ষুসেবা প্রদান করা হয়েছে। শিক্ষার্থীদের মাঝে ৯ টি চশমা ও ৯৯ টি ঔষধ বিতরণ করা হয়।

SHAFIUDDIN AHMED FOUNDATION HOSPITAL  
সফিউদ্দিন আহমেদ ফাউন্ডেশন হাসপাতাল



প্রকাশনা : মিডিয়া অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স ইউনিট

আই কেয়ার প্রোগ্রাম-মানবিক সাহায্য সংস্থা

হাউজ - ১১৯, ফ্ল্যাট - এ১, রোড - ৪, ব্লক - এ, বনানী,

ঢাকা-১২১৩, বাংলাদেশ।

মোবাইল : ০১৭৩০০২৪০৩৩ ইমেইল : eyecareprogram.mss@gmail.com